

ভারতে ২৪২ যাত্রী নিয়ে উড়োজাহাজ বিধ্বস্ত

- A Monitor Desk Report

Date: 12 June, 2025



ঢাকাঃ ভারতের পশ্চিম উপকূলীয় রাজ্য গুজরাটের আহমেদাবাদে যাত্রীবাহী একটি উড়োজাহাজ বিধ্বস্ত হয়েছে। এয়ার ইন্ডিয়া পরিচালিত ওই বেসরকারি উড়োজাহাজে অন্তত ২৪২ জন যাত্রী ছিলেন। দুর্ঘটনার পর বহু যাত্রীর প্রাণহানির আশঙ্কা করা হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

উড়োজাহাজটির গন্তব্য নিয়ে ভিন্ন ধরনের তথ্য পাওয়া গেছে। ভারতের বেসামরিক উড়োজাহাজ চলাচল বিষয়ক একটি সূত্র গণমাধ্যমকে বলেছে, এয়ার ইন্ডিয়ার বিধ্বস্ত উড়োজাহাজটি বার্মিংহামে যাওয়ার পথে আহমেদাবাদের আবাসিক এলাকায় বিধ্বস্ত হয়েছে।

অন্যদিকে, দেশটির অন্য একটি সংবাদমাধ্যম বলেছে, আহমেদাবাদ বিমানবন্দর থেকে ২৪২ আরোহীকে নিয়ে এয়ার ইন্ডিয়ার ওই উড়োজাহাজ যুক্তরাজ্যের রাজধানী লন্ডনের উদ্দেশে যাত্রা শুরু করেছিল। স্থানীয় সময় দুপুর ১টা থেকে ২টার মধ্যে উড়োজাহাজটি উড্ডয়নের পরপরই আহমেদাবাদের কাছে বিধ্বস্ত হয়েছে।

তবে উড়োজাহাজ বিধ্বস্তের এই ঘটনায় ঠিক কতজন যাত্রীর প্রাণহানি ঘটেছে, সেই বিষয়ে সুনির্দিষ্ট করে কোনও তথ্য জানা যায়নি।

দেশটির টেলিভিশন চ্যানেলের প্রতিবেদনে বলা হয়েছে, উড্ডয়নের পরপরই উড়োজাহাজটি দুর্ঘটনার কবলে পড়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, উড়োজাহাজটির ধ্বংসাবশেষে আগুন ধরে গেছে এবং ঘন কালো ধোঁয়া আকাশে উড়ছে। বিমানবন্দরের কাছাকাছি আবাসিক এলাকায় উড়োজাহাজটি বিধ্বস্ত হয়েছে।

ভিডিওতে বিমানবন্দরে সারি সারি অ্যাম্বুলেন্স দাঁড়িয়ে থাকতে দেখা যায়। এ সময় আহতদের উদ্ধার করে স্ট্রেচারে করে অ্যাম্বুলেন্সে নেওয়া হয়।

স্থানীয় একজন কর্মকর্তা বলেছেন, কয়েকজন যাত্রীকে গুরুতর আহত অবস্থায় উদ্ধারের পর স্থানীয় বিভিন্ন হাসপাতালে পাঠানো হয়েছে।

